

Japanese Language Course

Mastering Basics with Grammar & Practical Conversation

Lesson 09: Likes, Dislikes, Skills & Reasons (好き, わかる, あります, から)

Target: N5 Grammar Foundations

১. আজকের মূল আলোচনা (Topic Overview)

আজকে আমরা জাপানি ভাষায় পছন্দ/অপছন্দ (Like/Dislike), কোনো কিছু জানা/দক্ষতা (Skill/Understanding), কোনো কিছু থাকা (Possession) প্রকাশ করা এবং "কারণ" (Because/So) ব্যাখ্যা করার নিয়ম শিখব।

[Noun] が すき / きらい です (পছন্দ / অপছন্দ)
[Noun] が じょうず / へた です (দক্ষ / অদক্ষ)
[Noun] が わかります / あります (বোঝা / থাকা)
[Sentence 1] から、[Sentence 2] (কারণ প্রকাশ)

২. ব্যাকরণ বিশ্লেষণ (Grammar Explanation)

১. Partical が (Ga) এর ব্যবহার:

সাধারণত Karma বা Object-এর সাথে を বসে, কিন্তু すき (পছন্দ), きらい (অপছন্দ), じょうず (দক্ষ), へた (অদক্ষ), わかります (বোঝা), এবং あります (থাকা/আছে)-এর আগে সবসময় Partical **が** বসে।

২. মাত্রাবাচক শব্দ (Adverbs of Degree):

- যেকোনো ক্ষেত্রে: ぜんぜん + Negative (একদমই না), たくさん (অনেক)।
- বুঝতে পারা (わかります): よく (খুব ভালো), だいたい (মোটামুটি), すこし (একটু)।
- থাকা (あります): たくさん (অনেক), すこし (একটু), ぜんぜん (একদমই না)।

৩. কারণ বোঝাতে から (Kara):

বাক্যের শেষে から যোগ করলে "যেহেতু / কারণ" বোঝায়। Structure: [কারণ] から、[ফলাফল]।

৩. শব্দভাণ্ডার (Vocabulary List - Lesson 09)

Japanese	Romaji	Bengali Meaning
すき [な] / きらい [な]	Suki / Kirai	পছন্দ / অপছন্দ
じょうず [な] / へた [な]	Jouzu / Heta	দক্ষ / অদক্ষ
りょうり / のみもの	Ryouri / Nomimono	রান্না, খাবার / পানীয়
スポーツ / やきゅう	Supootsu / Yakyuu	খেলাধুলা / বেসবল
ダンス / おんがく	Dansu / Ongaku	নাচ / গান, সঙ্গীত
こまかい おかね	Komakai okane	খুচরা টাকা / Small change
じかん / 用事 (ようじ)	Jikan / Youji	সময় / কাজ, ঝামেলা (Business/Errand)
約束 (やくそく)	Yakusoku	কথা, ওয়াদা, অ্যাপয়েন্টমেন্ট
アルバイト	Arubaito	পার্ট-টাইম কাজ (Part-time job)
どうして	Doushite	কেন? (Why?)

৪. বাস্তব বাক্যের উদাহরণ (Example Sentences)

Japanese Sentence	Romaji	Bengali Translation
わたしはイタリア りょうりがすきです。	Watashi wa Itaria ryouri ga suki desu.	আমি ইতালিয়ান খাবার পছন্দ করি।
カリナさんはえがじょうずです。	Karina-san wa e ga jouzu desu.	কারিনা-সান ছবি আঁকায় দক্ষ।
わたしはにほんごがすこしわかります。	Watashi wa Nihongo ga sukoshi wakarimasu.	আমি একটু একটু জাপানি ভাষা বুঝি।
じかんがありませんから、どこもいきません。	Jikan ga arimasen kara, doko mo ikimasen.	সময় নেই তাই কোথাও যাব না।
きょうはたんじょうびですから、パーティーをします。	Kyou wa tanjoubi desu kara, paatii wo shimasu.	আজ জন্মদিন তাই পার্টি করব।



প্রো টিপ (বিশেষ সতর্কবার্তা!):

- নিজের জন্য **じょうず** (দক্ষ) শব্দটি ব্যবহার করা ভদ্রতা নয়। নিজের ক্ষেত্রে বলতে পারেন: **あまりじょうずじゃありません** (খুব একটা দক্ষ নই)।
- どうして** (কেন) দিয়ে প্রশ্ন করা হলে উত্তরে বাক্যের শেষে সবসময় **から** দিতে হয়।

৫. দৈনন্দিন ছোট কথোপকথন (Short Dialogue)

পরিস্থিতি: খেলার দাওয়াত দেওয়া।

A: きょう いっしょに やきゅう を ませんか。

(Kyou isshoni yakyuu wo shimasen ka?)

বাংলা: আজ একসাথে বেসবল খেলবেন?

B: すみません。きょう は ちょっと...।

(Sumimasen. Kyou wa chotto...)

বাংলা: দুঃখিত। আজ একটু... (সমস্যা আছে।)

A: どうして ですか。

(Doushite desu ka?)

বাংলা: কেন?

B: アルバイト があります から。

(Arubaito ga arimasen kara.)

বাংলা: পার্ট-টাইম কাজ আছে তাই।



আজকের অনুশীলন (Homework / Task):

নিচের বাক্যগুলো জাপানিজে রূপান্তর করার চেষ্টা করুন:

- আমি গান পছন্দ করি। (おんがく - গান)
- আমার কাছে টাকা নেই তাই কিছু কিনব না। (おかね - টাকা)
- স্মিথ-সান জাপানি রান্নায় দক্ষ। (りょうり - রান্না)